জাবিয়ান নামে আমরা পরিচিত। একটু খুলে বলি। আমরা যারা জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয়ে পড়াশুনা করেছি, তাদেরকে জাবিয়ান ডাকি। সে অর্থে আমিও জাবিয়ান। বিশ্বায়নের যুগে যখন আমাদের কাছে সবকিছু হাতের মুঠোয় তখন জাবিয়ানের কার্যক্রম যেন সে অর্থেই ছড়িয়ে পড়েছে দেশ থেকে দেশান্তরে। সে কথায় পড়ে গিয়ে একটু পিছন ফিরি। হ্যাঁ আমাদের জাহাঙ্গীর বিশ্ববিদ্যালয়ের স্মৃতির পাতায় একটু হাঁটি, কারণ জাবিয়ানের সাথে সাথে সকল কিছু এসে পড়ে দৃশ্যের আঙ্গিনায়। রাজধানী ঢাকা থেকে মাত্র ৩২ কিলোমিটার দূরে সবুজে সবুজে বনেরন্যের ভেতর লালচে ইটের গাথুণীতে প্রায় ৬৯৭.৫৬ একর জায়গা জুড়ে বিশ্ববিদ্যালয়টি স্থাপিত হয় ১৯৭০ সালে। তখন বিশ্ববিদ্যালয়টির নাম ছিল জাহাঙ্গীর নগর মুসলিম বিশ্ববিদ্যালয়। পরবর্তীতে এর কার্যক্রম শুরু হয় ১৯৭২ সালে, এমন কী এর পরের বছর নামের পরিবর্তন করে শুধু জাহাঙ্গীর নগর বিশ্ববিদ্যালয় নামকরণ করা হয়। স্বাধীনতার নতুন স্বাদের তকমা নিয়ে শিক্ষার যাত্রায় সম্পূর্ণ প্রাকৃতিক পরিবেশ নিয়ে স্বপ্ন-জীবনের অনুভূতির ভেতর দিয়ে এক নিরিবিলি শিক্ষাঙ্গন এটি। পুরোটাই রেসিডেন্টসিয়াল নিয়মের সিঁড়িতে পা ফেলে ছাত্র-শিক্ষক এক বন্ধুত্বের মেলবন্ধনে এখানের শিক্ষাক্রম চলে। বিশ্ববিদ্যালয়টি আদতে অন্য সকল বিশ্ববিদ্যালয় থেকে একটু ভিন্ন। কারণ এখানে উচ্চশিক্ষার জন্য বিভিন্ন আগাম পরিকল্পনায় যেন পরিবেশটি সত্যিকার অর্থে পড়াশুনার মূখ্যম অবস্থা তৈরি করে রেখেছেন কর্তৃপক্ষ। তাছাড়া প্রাকৃতিক সৌন্দর্যে ভরা, অতিথি পাখির কিচিরমিচির, বনজ গন্ধে ঋতুর আবর্তে প্রকৃতির পাঠশালার সাথে সাথে এখানের শিক্ষা-জীবন অনেক আনন্দের। যার ফলশ্রুতিতে একে অন্যের সাথে শুধু জ্ঞানের মতবিনিময়ের মাধ্যমে নয় হৃদয়ভিত্তিক আন্তরিকতায় ঢুকে গিয়ে তারা একে অন্যের আত্মীয় হয়ে ওঠে। এমন কী শিক্ষা জীবন শেষে অনেক পরেও কারো সাথে দেখা হলে তারা একে অন্যকে দেখার সাথে সাথে জাবিয়ান বলে চিৎকার করে উঠে।

সম্প্রতি আমার ৩৪তম ২০২৫ নিউইয়র্ক বইমেলায় আমন্ত্রিত হয়ে সেখানে যাওয়ার সৌভাগ্য হয়েছিল। চারদিনের বইমেলায় আমার চোখে পড়েছিল নতুনের উপর নতুন এক আশ্বর্য্য দৃষ্টি। আমেরিকা বলে কথা, তার উপর প্রথমবার আসলাম। তাই আমি ছিলাম সে সব নতুনত্বের ভেতর দিয়ে চোখ থেকে মনের গহিনে যাওয়ার সর্বাঙ্গিক চেষ্টায় ভিষণ ব্যস্ত। সময় পার হচ্ছির ভিষণ আনন্দে। মেলার প্রথম দিনেই দেখলাম জাবিয়ানদের যেন এক মিলন মেলা। বিদেশি বিভূঁইয়ে বাংলাভাষীদের সাহিত্য চর্চার মাঝে জাবিয়ানরা এমনভাবে ঢুকলো কীভাবে ভাবছিলাম। হ্যাঁ বলছি এবারের বইমেলায় যিনি উদ্বোধক, তিনি হলেন তরুণ প্রজন্মের কাছে এক সম্ভাবনাময় উদীয়মান লেখক জাবিয়ান সাদাত হোসাইন। ইতোমধ্যে তিনি আসলে বিশিষ্ট লেখক

বনেই গিয়েছেন। তাঁকে ঘিরেই আমেরিকাবাসী জাবিয়ানদের এমন উচ্ছ্বাস। আমিও এগিয়ে গেলাম। খুশিতে মন ভরে উঠলো। পরিচয় হলো নানান জাবিয়ানদের সাক্ষ্য গাথা কথোপকথন এবং সাথে জাবিয়ান বলে চিৎকার ধ্বনি। উত্তরসূরী ও পূর্বসূরীদের মাঝে এক স্মৃতি-মালার মেলমন্ধন। তার মধ্যে হঠাৎ জাবির শিক্ষক (সাবেক) আমার পরিসংখ্যান বিভাগের ছোট ভাই আদনানের সাথে কথা হলো। সে এখানে পড়তে এসে নিউইয়র্ক ইউনিভার্সিটিতে শিক্ষকতা করছে। কিছুক্ষণ আমরা জাবিয়ানরা মেতে উঠলাম আমাদের মনের গহিনের জাবির চতুরকে ঘিরে। আহা আমরা জাবিয়ান। এর মধ্যে দেখা পেলাম আমার খুব প্রিয় ভাস্কর্য শিল্পী রাসা ভাইয়ের সাথে। তিনি এখানে প্রায় পয়ত্রিশ বছর ধরে বসবাস করছেন। আবার আমাদের বন্ধু প্রিয় তার মিসেস রাসা শ্যামলীর সাথে। তবে রাসা ভাইকে আমি বিশেষভাবে চিনি। তাঁর বিরল সব ক্রিয়েটিভ শিল্পের কারণে। তিনি পরিত্যক্ত কাঠের টুকরা দিয়ে নানান ধরনের ভাস্কর্য তৈরি করেন। এখানে আমেরিকায় তাঁর অনেক সুনাম। এ যেন এক হই হই রব এবারের ৩৪তম বইমেলায় অঙ্গন জাবিয়ানদের ঘিরে। ওদিকে চলছে তরুণ লেখক সাদাত হোসাইনের মুঠো মুঠো অটোগ্রাফ। বুঝতে পারলাম এই লেখক শুধু দেশের মাটিতে নয় দেশ ডিজিয়ে পৃথিবীর আনাচে-কানাচে বাংলাভাষীদের হৃদয়ে ইতোমধ্যে জায়গা করে নিয়েছেন।

বইমেলায় চতুরে তাঁকে সবাই এমনভাবে ঘিরেছিল যে আমি তখনো কথা বলতে পারিনি এই প্রথিতযশা লেখক আমাদের ছোট ভাই জাবিয়ান এর সাথে। তাই মঞ্চে দাঁড়িয়ে যখন তাঁর কথা বলছিলাম অত্যন্ত গর্বের সাথে যে আমিও জাবিয়ান আর আর অনেক আনন্দ হচ্ছিল এই আমেরিকায় বইমেলায় লেখক জাবিয়ান আমাদেরকে নিউ ইয়র্কবাসীর জাবিয়ানদের আনন্দ উৎসবের ভাগীদার করে দিয়েছেন সকলের সম্মুখে। এই তো জাবিয়ান। কারণ মঞ্চে তখন সাদাত হোসাইনের মুখ চোখ চিকচিক করছিল সেটা অনুভব করতে পারছিলাম। আসলে জাবিয়ানরা খুবই একাত্ম হয়ে উঠে মুহূর্তে। তারা একে অন্যকে দেখলে কী যেন হয়, তাদের ভেতর এক আশস্ততার ভাষা ফুটে উঠে। পরে লেখকের সাথে অনেক কথা হলো। পৃথিবীর পথে পথে এমনভাবে জাবিয়ানদের জয় জয়াকার ছড়িয়ে পড়ছে ভাবতে অনেক আনন্দ হচ্ছিল। এমন অনেক অনেক জাবিয়ানের গল্প রয়েছে, দেশ ও দেশের বাইরে।

তারই ধারাবাহিকতায় দ্বিতীয়বারের মতো আমেরিকায় হতে চলেছে জাহাঙ্গীর নগর গ্লোবাল রিইউনিয়ন ২০২৫। প্রথমবার এমন আয়োজন এই আমেরিকাতেই হয়েছিল। এমন আন্তর্জাতিক পর্যায়ে অনুষ্ঠান জাবিয়ানদের আরও সমৃদ্ধ করছে ভালোবাসার মেলবন্ধনে। দিনে দিনে আরও এগিয়ে যাক জাবিয়ানদের আলোকবর্তিতা বন্ধনের মালায় মালায় ফুলের সৌরভে। আমিও এই বন্ধনের দীর্ঘ পথযাত্রায় নিজেকে জাবিয়ান মনে করে ধন্য মনে করি বৈ কি। আগামীর পথচলায় জাবিয়ানের এমন পথ চলার আনন্দ নতুনের মাঝে নতুন দিগন্তের পথে বন্ধনের দৃষ্টান্ত হয়ে থাকবে এটাই প্রত্যাশা। জাবিয়ানের জয় হোক।

১২তম ব্যাচ, পরিসংখ্যান বিভাগ





যে সময় আর আসবেনা ফিরে

মেরীষ্টেলা শ্যামলী আহমেদ

১৯৮৪ সাল! কোনো এক দুপুরে নওয়াব ফয়জুল্লাহ সাহেবের গেটের সামনে কাঁঠাল তলায় বসে দুজন গল্প করছিলাম। সবুজ শ্যামলীমায় ঘেরা ছিল আমাদের ক্যাম্পাস, যদিকেই তাকাই প্রকৃতি যেন তার রূপ মাধুর্যে ভরপুর। হঠাৎ ঝামঝাম করে বৃষ্টি নেমে এলো। বৃষ্টিতে ভিজে যাবার ভয়ে বৃষ্টি মাথায় নিয়েই দুজন এগিয়ে চললাম এক্সটেনশনের দিকে। তখন সেদিকটায় কোনো পাকা রাস্তা ছিলনা। হঠাৎ বৃষ্টিতে একেবারে কাঁদামাটির পথে হাঁটতে হলো। রাশা বললো ‘হাত ধরো, পিছলে পড়ে যাবে।’

আমিতো হাত ধরতে নারাজ। একজন ছেলের হাত ধরে হাঁটবো? আবার এই নির্জনপথে! সে তো আমার কোন আত্মীয় পরিজন নয়। কিন্তু বৃষ্টিতে রাস্তার অবস্থা যেমন হলো তাতে হাত ধরাটা যেন প্রয়োজন হয়ে দাঁড়ালো, নাকি আমার মনেরও ইচ্ছে হলো হাত ধরতে! সেই প্রথম তরুন বয়সে একটি অপরিচিত ছেলের হাত ধরে পথ হাঁটলাম। সেই পথ আমাদের নিয়ে হারিয়ে গেল - হেঁটেই চললাম আরও কত আঁকা বাঁকা পথে। লাল ইটের পথ, একাশিয়ার পথ, কৃষ্ণচূড়ার পথ, চোরাবালির পথ, কণ্টকাকীর্ণ পথ, ভালবাসার পথ! পথের বাঁকে রয়ে গেল আমাদের গল্প; জাহাঙ্গীরনগর ক্যাম্পাসের সেই কাঁঠাল তলায় হয়তো আর কখনও বসা হবেনা। সময় দুজনকে হাত ধরে নিয়ে এলো দূরে, বহু দূরে। শুধু সেই স্মৃতিঘেরা ক্যাম্পাসটি রয়ে গেল মনের গহীনে।

১২তম ব্যাচ, ইংরেজী বিভাগ





দৃষ্টিতে আর হয়না সৃষ্টি আগের মত গোলাপ ফুল কবির কিরণ

৮০'র দশকে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র হিসেবে কয়েক যুগের অভিজ্ঞতা নিয়ে কিছু কথা মনে উঠতেই সেই স্বপ্নের ক্যাম্পাসের কথা মনে পড়ে যায়। সেই ক্যাম্পাস ছিলো স্বপ্নময় যার মাঝে আমরা সবাই খুঁজে পেতাম সেই বন হাঁস, শাপলাফুল, বাউগাছ, লাল ইটের রাস্তা, মুক্ত বাতাস, অসাধারণ লেক, নাম নাজানা পাখি, চৌরঙ্গী, লেডিস হল থেকে আলবের্গনী হলের লাল ইটের রাস্তা, মীর মোশারফ হোসেন হল, এক্সটেনশন। আমরা যারা মূল ক্যাম্পাসের বাহিরে থেকে নিয়মিত ক্লাস করতে হতো যেমন পদার্থ বিজ্ঞান বিভাগ, রসায়ন বিভাগ, ভূগোল বিভাগ তাদের মূল ক্যাম্পাসের সাথে ঠিকমত যোগাযোগ থাকতেনা না দূরত্বের কারণে, মূল ক্যাম্পাসের প্রাণের স্পন্দন নিত্যদিন তাদের উপভোগ করার সুযোগ ছিলোনা। পদার্থ বিজ্ঞান বিভাগ ও রসায়ন বিভাগের প্রাকটিক্যাল ক্লাস থাকার কারণে ও মীর মোশারফ হোসেন হলে অনেকের এটাচমেন্ট থাকার কারণে প্রান্তিকের আড্ডা ও চৌরঙ্গীর আড্ডা থেকে কেউ কেউ বঞ্চিত হতো। যদিও আলবের্গনী হল, এক্সটেনশন ও নওয়াব ফয়জুল্লাহ হল, মোশারফ হোসেন হল থেকে বিকেল বেলায় যেন শান্তির মিছিল বের হতো, নিবিড় এই সৌন্দর্যের লীলাভূমি জাহাঙ্গীরনগর ক্যাম্পাস সেই দিনগুলো ছিল সবার জন্য দারুন এক আনন্দের ও হৃদয়ে দাগ কাটার মতো।

ক্যাম্পাসে রাজনৈতিক মতপার্থক্য থাকা সত্ত্বেও ছাত্রসংগ্রাম পরিষদ গঠনের মাধ্যমে স্বৈরশাসনের বিরুদ্ধে একাট্টা হয়ে সবাই মিলে আন্দোলন করেছিল প্রগতিশীল চিন্তাভাবনা নিয়ে। সেই দিনগুলো ছিল ক্যাম্পাসে পূর্ণাঙ্গ লেখা পড়ার পরিবেশ। টেন্ডারবাজী খুব বেশী ছিল বলে আমার মনে পড়ে না। সব কিছুর মাঝে যদি বলি কি ছিলোনা সেই দিনের ক্যাম্পাসে? রাজনৈতিক প্রভাবে শিক্ষক নিয়োগ, কর্মচারী নিয়োগ, টেন্ডারবাজী ছিলোনা সেই দিনের ক্যাম্পাসে, ছিলোনা ধর্ষণের ইতিহাস। ছিল সেইদিন সিনিয়র, জুনিয়র, শিক্ষক, কর্মচারী সবার ভিতরে শ্রদ্ধা, সন্মান ও সম্প্রীতির বন্ধন। আজ নিকট, অতীত কয়েক যুগ পরে ক্যাম্পাসের পরিবেশ আমাকে আমার হৃদয়কে ব্যাকুল করেনা।

তাই জাতীয় কবি কাজী নজরুল ইসলামের বিখ্যাত কবিতা দৃষ্টিতে আর হয়না সৃষ্টি কথা মনে পড়ে যায় :

“ দৃষ্টিতে আর হয় না সৃষ্টি আগের মত গোলাপ ফুল।
কথায় সুরে ফুল ফুটাতাম, হয় না এখন আর সে-ভুল।। ”

আবার জাহাঙ্গীরনগর ক্যাম্পাসকে দেখে যেন হৃদয় ব্যাকুল হয় সেটাই আশা করবো। মাননীয় ভাইস চ্যান্সেলরকে অনুরোধ করবো সেই পরিবেশ যেন ফিরে আসে যেই পরিবেশ ৮০'র দশকে রেখে এসেছি।

১০ম ব্যাচ, পদার্থ বিজ্ঞান বিভাগ,
সিইও, শতদল, ।



Assalamu Alaikum,
It's a joy to share a few words on the Annual Gathering of
Jahangirnagar University.

This is more than a reunion – it's a celebration of memories,
friendships, and the bond we all share with this beautiful,
green campus.

May you carry the spirit of JU in your life and continue to
make a difference. Wishing you a joyful and meaningful
gathering.
Joy Jahangirnagar.

Anis Khan



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ঃ আমার কিছু স্মৃতি কথা

এ কে এম আশরাফুল হক

জাহাঙ্গীরনগর মুসলিম বিশ্ববিদ্যালয় নামে ১৯৭০ সালের ২০ আগস্টে স্থাপিত তদানীন্তন পূর্ব পাকিস্তানের গভর্ণর ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রিয়ার এডমিরাল এস এম আহসান ১৯৭১ সালের ১২ জানুয়ারি বিশ্ববিদ্যালয়ের আনুষ্ঠানিক কার্যক্রম উদ্বোধন করেন। পরবর্তীতে স্বাধীনতার পর এর নাম থেকে মুসলিম শব্দটি বাদ দেয়া হয়। আমি ২৯ মার্চ, ১৯৮১ সালে এ বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগে ভর্তি হই। মাত্র ১০ বছর পূর্বে ১৯৭০ সালে স্থাপিত এ বিশ্ববিদ্যালয়ের গুরুত্ব দিকের আমি একজন ছাত্র। প্রফেসর ড. মফিজ উদ্দিন আহমেদ এ বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস চ্যান্সেলর হিসেবে যোগদান করেন এবং এরই ধারাবাহিকতায় বর্তমানে বিশ্ববিদ্যালয়টির ২০তম ভিসি হিসেবে কর্মরত রয়েছেন অধ্যাপক ড. মোহাম্মদ কামরুল আহসান। আমার সময়ে বিশ্ববিদ্যালয়ের মোট ১০টি বিভাগের মধ্যে অর্থনীতি, ভূগোল, গণিত, পরিসংখ্যান, ইংরেজি, বাংলা, ইতিহাস, সরকার ও রাজনীতি, পদার্থবিদ্যা এবং রসায়ন শাস্ত্রে এক হাজারেরও কম ছাত্র ছিল। তখন ক্যাম্পাসের পরিবেশটাই ছিল অন্যরকম; প্রায় সবাই সবাইকে চিনতো। পরিসংখ্যান বিভাগে আমাদের ব্যাচে ছাত্রছাত্রী ছিল মাত্র ২৭ জন। আমরা পেয়েছিলাম মোট ৩টি আবাসিক হল, তন্মধ্যে ছাত্রদের জন্য মীর মোশাররফ হোসেন হল ও আল-বেরুনী হল এবং ছাত্রীদের জন্য বরাদ্দ ছিল নওয়াব ফয়জুল্লাহ হল।

কালের সুদীর্ঘ পথ-পরিক্রমায় আমার আজও স্পষ্টভাবে মনে পড়ে, প্রফেসর কাজী সালেহ আহমেদ স্যার ক্লাসে এসে প্রথমেই জিজ্ঞাসা করতেন, “গত ক্লাসে কি পড়িয়েছি?” তারপর কোনোরকম প্রস্তুতি ছাড়াই স্যার আমাদের পড়ানো শুরু করে দিতেন। আমরাও গভীর মনোযোগের সাথে মন্ত্রমুগ্ধ হয়ে স্যারের লেকচার শুনতাম। স্যারের স্নেহবাৎসল্যতা স্মরণ করতে গিয়ে এখনও চোখে ভাসে, একদিন আমার ঠাণ্ডা-কাশি হওয়ায় আচমকা ক্লাসের মাঝেই স্যার বলে উঠলেন, “তুমি কিছু নিয়ম পালন করলে তোমার ঠাণ্ডা-কাশি কিছুই থাকবে না।” বাংলাদেশ পরিসংখ্যান সমিতির সাথে ১৯৮৬ সাল থেকেই আমার সম্পৃক্ততা থাকায় এবং পরবর্তীতে চাকুরির সুবাদে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোয় (বিবিএস) দীর্ঘদিন কাজের নিমিত্তে প্রফেসর কাজী সালেহ আহমেদ ও প্রফেসর ড. এম কবির স্যারদের সাথে নিবিড় যোগাযোগ এবং স্নেহ লাভের সৌভাগ্য হয়েছিল। আমার আরও মনে পড়ে, আমাদের ১০ম ব্যাচে স্নাতক ও স্নাতকোত্তর উভয় পরীক্ষায় ড. সাদেকুর রহমান চৌধুরী প্রথম শ্রেণীতে প্রথম স্থান অধিকার করেছিল। ড. সাদেক প্রাতিষ্ঠানিক লেখাপড়ার পাশাপাশি একজন ভালো সংগঠকও ছিল। ড. সাদেক ইউএসএ-এর ওয়াশিংটন ডিসি-তে ফেডারেল গভর্ণমেন্ট এর হেলথ ডিপার্টমেন্টের একটি বিভাগে, বিভাগ প্রধান হিসেবে কর্মরত রয়েছেন। ওয়াশিংটন ডিসি-তে

অনুষ্ঠিতব্য এবারের গ্লোবাল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এলামনাই পুনর্মিলনীতে আহ্বায়কের দায়িত্ব পালন করছে। আমার ব্যাচের পরিসংখ্যান বিভাগের ড. মোঃ ছালেহ, আব্দুল মান্নান, লিয়াকত আলী, নারায়ণ চন্দ্র কুণ্ড সহ যারা মৃত্যুবরণ করেছেন, তাদের সকলের রুহের মাগফেরাত কামনা করছি। আজ সময়ের পরিবর্তনের সাথে সাথে প্রাণের জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়েরও অনেক পরিবর্তন হয়েছে। পূর্ণাঙ্গ আবাসিক এ বিশ্ববিদ্যালয়ে বর্তমানে মোট ২১টি আবাসিক হলের মধ্যে ১১টি ছাত্র হল ও ১০টি ছাত্রী হল রয়েছে। আজ দেশবরেণ্য এ বিশ্ববিদ্যালয়ের মোট ৬টি অনুষদে ৩৪টি বিভাগ এবং সেই সাথে ৪টি ইন্সটিটিউট ও ৪টি গবেষণা কেন্দ্রে মোট সাড়ে বারো হাজার ছাত্রছাত্রী অধ্যয়নরত আছে।

তৎকালীন ছাত্র সমাজের মধ্যে সমাজতান্ত্রিক রাজনীতির একটা বিশেষ প্রভাব ছিল। অনেক ছাত্র বৈজ্ঞানিক সমাজতন্ত্রের মধ্যেই দেশের ভবিষ্যৎ উন্নয়নের চিন্তা করতো। পরবর্তীতে এরশাদ সরকারের পৃষ্ঠপোষকতায় কিছু ছাত্রদের নেতৃত্বে নুতন বাংলা ছাত্র সমাজের জন্ম হয়। আমাদের সময়েই এরশাদ বিরোধী গণতান্ত্রিক আন্দোলন তীব্র থেকে তীব্রতর হয়। আমরা সেই আন্দোলনের অনেক চড়াই-উৎরাই দেখেছি একদম কাছ থেকে এবং স্বাক্ষী হয়ে আছি ইতিহাসের।

সময়ের পরিবর্তনের সাথে সাথে দেশের রাজনৈতিক ও অর্থনৈতিক অনেক পরিবর্তনও সাধিত হয়েছে। আশির দশকে দেশে দারিদ্র্যতা অনেক বেশী ছিল। বিশ্ববিদ্যালয়ে মধ্যবিত্ত ও উচ্চবিত্ত পরিবারের ছেলেমেয়েরাই পড়াশোনা করতো। সময়ের সাথে সাথে দেশের জনসংখ্যাও যেমন বেড়েছে আর্থ-সামাজিক অবস্থারও অনেক পরিবর্তন হয়েছে। সেই সাথে আমাদের বিশ্ববিদ্যালয়েরও অনেক পরিবর্তন হয়েছে। পরিসংখ্যান অনুসারে ১৯৮১ সালে বাংলাদেশের জনসংখ্যা ৮,৯৯,১২,০০০ এবং ২০২৩ এর মাঝামাঝি জুলাইয়ে প্রাক্কলিত জনসংখ্যা ছিল ১৭,২৯,০২,০০০। অপর এক পরিসংখ্যান ভিত্তিক তথ্যনুযায়ী, ১৯৮১ সালে মানুষের জীবনের প্রত্যাশিত গড় আয়ুষ্কাল (জন্ম)- ৫২.৯০ বৎসর, জিডিপি পার ক্যাপিটা-২২৭.৮ ইউএস ডলার এবং ২০২৩ সালে মানুষের জীবনের প্রত্যাশিত গড় আয়ুষ্কাল (জন্ম)- ৭২.৩ বৎসর ও ২০২৪-২৫ সালে জিডিপি পার ক্যাপিটা বৃদ্ধি পেয়ে দাঁড়ায় ২৮২০ ইউএস ডলারে।

আজ আমাদের বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা সারা বিশ্বে ছড়িয়ে আছে। দেশে ও বিদেশে অনেক গুরুত্বপূর্ণ অবদান রাখছে। আজ গর্বে মন ভরে যায় যখন দেখি নিউইয়র্ক বা ওয়াশিংটনে আমাদের পুনর্মিলন হচ্ছে। এবারের পুনর্মিলনীতে আমিও যোগদানের জন্য অধীর আত্মা অপেক্ষা করছি। আশা করছি অনেক পুরনো বন্ধু ও অন্যান্য এলামনাইয়ের সাথে দেখা হবে। অনেক হারানো স্মৃতি, হারানো বন্ধুত্ব পুনরুদ্ধার হবে। প্রাক্তন ছাত্র হিসেবে আজ আমরা যে যেখানেই থাকি না কেন, সব সময়ের জন্যই শুভ কামনা জানাই বহু আবেগ, ভালোবাসার প্রাণের জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়কে।

১০ম ব্যাচ, পরিসংখ্যান বিভাগ

(সাবেক পরিচালক, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো ও সাবেক মহাসচিব, বাংলাদেশ পরিসংখ্যান সমিতি)





.. চাকরিটা আমি..

রুহল আমিন

রাত ১১ বা সাড়ে ১১ হবে, আলো-আঁধারির ঢাকা-আরিচা মহাসড়ক ভেদ করে বাসটা নামিয়ে দিয়ে গেল জাবি ১ নং গেটে। আসলে কোথায় নামতে হবে তাও জানতাম না। সাথে বন্ধু ডিউক। আমি সরকার ও রাজনীতিতে আর ও রসায়নে ভর্তির সুযোগ পেয়েছে। ব্যাচ নং ২০!

এম এইচ হলের গেটের সামনে আল্লনা আঁকছিল দুজন বড় ভাই। রাজু আর পারভেজ ভাই- তাদের খুলে বললাম যে আমরা ভর্তি হতে এসেছি, ক্যাম্পাসে আসলে তেমন কাউকে চিনি না, বেলাল ভাই আর বিপ্লবের কথা শুনেছি। সকালে হয়তো খোঁজ করে বের করতে পারবো, তবে রাতের জন্য আশ্রয় দরকার।

দুজনই অভয় দিলেন, থাকতে দিলেন একটা রুমে। শুধু সে রাত নয়, আল-বেরুনি এক্সটেনশনে ব্যবস্থা না হওয়া পর্যন্ত সেখানেই থেকেছি। একরকম আন্তরিকতার জন্য জাবি'র জুড়ি নেই! রাজু-পারভেজ-বেলাল-বিপ্লব ভায়েরা তাই এখনো স্মৃতিতে ও কৃতজ্ঞতায়।

স্থায়ী আবাস হলো সালাম-বরকতে, বি-১২৭ নম্বর রুমে। মফস্বলের চিরাচরিত গন্ডি পেরিয়ে, প্রথমবারের মতো একা বাড়ির বাইরে থাকা, লাগাম ছাড়াও বটে!

প্রথম রুমমেট তপনদা ১৯ ব্যাচের। শান্তিপ্রিয় চুপচাপ স্বভাবের। আর বেডমেট স্কুল জীবনের বন্ধু ডিউক, পাতলা-পুতলা দুজনার দিব্যি এক বিছানায় হয়ে যেত। কদিন পর ডিউক ভাসানীতে সিট পেয়ে চলে যায়। তপনদা একটু হাঁফ ছাড়েন বোধহয়। তবে শীঘ্রই নতুন উৎপাতের নমুনা পেতে থাকেন! দেশের বাড়ির বন্ধু, ঢাকার বন্ধু, সদ্য পরিচিত ফাস্ট ইয়ারের বন্ধুদের রুমে ঘনঘন আসা-যাওয়া-থাকা।

সেকেন্ড ইয়ারের শুরুতে এক বড় ভাইয়ের ফার্মে কাজে ঢুকে পরি। উনারা ডকুমেন্টারি ফিল্ম নিয়ে কাজ করতেন, পরে সেটার একটা অংশ বিজ্ঞাপনী সংস্থা হলে কাজশেখা ও কর্মব্যস্ততা কাকে বলে সেটা বুঝতে শুরু করি। আগে মাঝে মধ্যে ক্লাস মিস হতো আর তখন মাঝে মধ্যে ক্লাসে হাজিরা।

তবে হলের লাইফ ছিল দারুন রঙিন। রাতভর আড্ডা, দলবেঁধে ঘোরাঘুরি, পকেটে মাসের টাকা, চাকরির বেতন ঢুকতেই সেদিনটা হতো “নো থিফিং ডে” .. বেড়ানো, খাই-দাই, আড্ডাফাই আর বেশমার খরচ!

মনে হতো ১২৭ নং রুমমেই থেকে যাবো কিন্তু সেকেন্ড ইয়ারের শেষে আমার খুব প্রিয় বন্ধু অমিতাভের সাথে এ-২২৫ এতে চলে যাই, কারন ততদিনে আমার ছোটবেলা, স্কুল-কলেজের দুই বন্ধু ১২৭ এর ১ টা বেড দখল করে ফেলেছে। হলে তখন আমাদের ত্রয়ীকে সুমন-রাজন-মোহন বলে ডাকতো অনেকে!

ক্লাসে অনিয়মিত ছিলাম বলে অনার্সের ভাইভায় সোলায়মান স্যার বলে বসলেন, কি হে তুমি আমাদের ছাত্র নাকি? আমার ক্লাস করেছো কখনো? বললাম জি স্যার কয়েকটা করেছি! স্যার একটু রেগে বললেন ওহু মাত্র গোটাকয়। আমি তো তোমাকে দেখিনি হে!!

ক্লাসে অনিয়মিত হলেও বন্ধু-সতির্থদের সাথে আড্ডাবাজির টানে শেষ বাসে বা পাবলিকে করে হলেও প্রায়ই রাতে হলে থাকা হতো।

কোনমতে অনার্স পাশ তো হলো, মাস্টার্সে রেজাল্ট খারাপ করা যাবে না তাই চাকরি থেকে লম্বা ছুটি নিয়ে নিয়মিত ছিলাম ক্লাসে। তবে পড়াশোনায় মন বসাতে পারছিলাম না! বড়ভাই, ক্লাসমেটরা নোট দিতে কার্পণ্য করতো না, তবে আমার কেন যেন সেসব নোট দুর্বোধ্য মনে হতো। এরমধ্যে আল-বেরুনির গ্যান্জাম এড়াতে আমার পড়ুয়া ক্লাসমেট বন্ধু প্রদীপ আমার রুমে এসে উঠলো, আমরা ৩ জন মিলেবুলে ঘুমাতাম ২ বিছানায়। প্রদীপের সাথে রুম শেয়ারে অমিত প্রথমে একটু নাখোশ হলেও অল্পসময়ে চমৎকার একটা সহাবস্থান হলো আমাদের। আর আমার হলো শাপে-বড়! প্রদীপ একটু শব্দ করে পড়তো আর আমাকে শুনতে বলতো। আমি ওর পাশে বসে শোনা শুরু করলাম, কখনো টুকটাক নোট নিতাম মনে রাখার সুবিধার্থে। আমার নিজে পড়ার ঝামেলা মিটে গেল! একটা ক্লাস টেস্টে তো এমন হলো যে আমি ওরচে বেশী মার্কস পেলাম! ফাইনালে অনার্সে ৩৭ জনে ৩৪ অবস্থান থেকে ১৪ তে নামাতে পারলাম। বিজ্ঞাপনী সংস্থায় ফেরার প্রস্তুতি নিচ্ছিলাম, ঠিক তখনই দেশের প্রথম জিএসএম মোবাইল ফোন কোম্পানির নিয়োগ বিজ্ঞপ্তি দেখে এগ্লাই করলাম, ডাক পেলাম ইন্টারভিউয়ের। বোর্ডে দেখা মিললো ৪ crazy Norwegian এর অন্যতম Snorre Danielsen এর সাথে, উনি নিজেই প্রায় সব প্রশ্ন করলেন। আমার জন্য ইন্টারভিউটা সহজ ছিল আগের কাজের সুবাদে। বোর্ডে ছিলেন HR Head সালাম ভাই, এবং আরেক চমক ইন্তেখাব আলম। ইন্তেখাব ভাই আমাকে চিনতেন বিজ্ঞাপনী সংস্থা থেকে, আইবিএ'র উনাদের ব্যাচের রেগুলার আড্ডা হতো অফিসে। সেখানে একসময় জাবি'র পরিচয়ে চেনাজানা হয়। জীবনে প্রথম ইন্টারভিউ দিয়েছি Maersk এ, শেষ হবার আগেই বুঝেছিলাম টেকার চাপ কম। তবে এখনো মনে পরে সেদিন মহাখালি থেকে টেম্পুতে করে বাসায় ফিরছি কিন্তু একটা অদ্ভুত বোধ কাজ করছিল.. মন বলছিল “.. চাকরিটা আমি পেয়ে গেছি, মাগো শুনছো!”

২০তম ব্যাচ, সরকার ও রাজনীতি বিভাগ



Embracing Heritage Between Two Worlds

Srayosi Monir



Being raised in the vibrant, multicultural landscape of New York City, I had the rare privilege of being deeply immersed in Bengali culture from a young age, due in large part to Baba's steadfast involvement in Jahangirnagar University alumni events. These gatherings were far more than simple reunions, they were intimate cultural immersions that transported me into a world that existed parallel to, yet distinct from, my American upbringing. As a Bengali-American woman, these experiences profoundly shaped my understanding of identity, heritage, and cultural pride in ways I only came to fully comprehend with time. Ma and Baba eagerly anticipated these events, always rallying the entire family to attend, knowing they offered a reprieve from the monotony of daily life. Held in bustling community centers across the tri-state area, the events radiated warmth and familiarity, filled with animated conversation, laughter, and attendees adorned in exquisitely embroidered traditional attire. I was surrounded by men and women who had arrived in this country with ambition, intellect, and aspiration, all while remaining deeply tethered to their roots. Listening to Baba reflect on his formative years as a student revealed dimensions of him I hadn't seen, his youthful idealism, his loyalty to friendships, and the

nostalgia he carried for the life he left behind. These stories enriched my understanding of him not just as a father, but as an individual shaped by resilience and history, deepening my gratitude for the sacrifices that laid the foundation for our lives in America. These moments closed the gap between the world I was born into and the one I inherited.

Reciting Bengali poetry or singing a traditional song before a room of elders and peers taught me poise, connection, and a profound sense of cultural confidence. These alumni events affirmed that Bengali culture is not a relic of the past, but a dynamic, intellectually rich, and intergenerational legacy. More than mere nostalgia, these gatherings embodied a collective sense of responsibility. Alumni frequently organized philanthropic initiatives such as raising funds to uplift disadvantaged communities in Bangladesh and to deliver urgent relief in the wake of natural disasters, transforming each event into a conduit for lasting social impact. I gradually came to understand that culture isn't just about language, cuisine, or dress, it is a living expression of shared values like humility, generosity, education, and unwavering loyalty. These events gifted me a space to inhabit my hyphenated identity without apology, allowing me to flourish in the in-between. Most importantly, I came to view my culture not as something to compartmentalize or conceal, but as a vital, empowering force I could carry into every room I entered. Baba would often refer to me as "Jahangirnagar Projonmmo," a child of Jahangirnagar which was a phrase that resonated with gravity and purpose, reminding me that I was part of a larger continuum. I felt deeply rooted in a heritage that was not something to choose between, but rather something to wholly and joyfully embrace. Through all of it, I learned that identity is not about conforming to pre-existing molds, but about honoring the mosaic of influences that shape who you are.

BS of Biotechnology, New York Institute of Technology.

Daughter of Khaled Joseph (Geography Batch 10th) & Shayela Sharmin




পাখির বলতানে স্মৃতির সুর



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় অ্যাথলেটিক টিম ১৯৮৩ (রাজশাহী বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস)
অ্যাথলেটঃ দিলারা, চঞ্চল, জোসেফ, সুলতান, জনি, সিদ্দীক

YOUR FRIEND, YOUR NEIGHBORHOOD REALTOR®

Nazir Ullah, the Realtor you can Trust with Confidence!



Nazir Ullah gets the results that you want: buying, selling, or investing in real residential property.

Your house, your dream. Your agent, Nazir Ullah. The name of your trust!

301-537-9885 Cell
301-424-0900 Office

Nazir.Ullah@longandfoster.com
www.NazirUllah.LNF.com

Rockville Centre Office: 795 Rockville Pike, Rockville, MD 20852

TOP PRODUCER • MULTI-MILLION DOLLAR PRODUCER • LICENSED IN MARYLAND, VIRGINIA, AND DC
NOTARY PUBLIC





জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর
গ্লোবাল রিইউনিয় ২০২৫
ওয়াশিংটন ডিসিতে আগত সবাইকে
জানাচ্ছি আমাদের আন্তরিক
শুভেচ্ছা এবং শুভকামনা

শের খান

৫ম ব্যাচ, পরিসংখ্যান বিভাগ

তারানা খান

৮ম ব্যাচ, ইংরেজী বিভাগ

সাউথ ক্যারোলিনা



জাবির গ্লোবাল রিইউনিয়ন ২০২৫ উপলক্ষে
সকল প্রাক্তন শিক্ষার্থীদের জানাই
উষ্ণ অভিনন্দন

আতিয়া মাহজাবীন

১৯তম ব্যাচ,

ভূগোল ও পরিবেশ বিভাগ

ভার্জিনিয়া




জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর
গ্লোবাল রিইউনিয় ২০২৫ এ
অংশগ্রহনকারী সবার জন্য রইল
শুভেচ্ছা

সাদেক চৌধুরী ও নাজরানা চৌধুরী
১০ম ব্যাচ, পরিসংখ্যান বিভাগ
মেরিল্যান্ড



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এর
গ্লোবাল রিইউনিয় ২০২৫ ওয়াশিংটন ডিসিতে
আগত সবাইকে জানাচ্ছি আমার
আন্তরিক শুভেচ্ছা এবং শুভকামনা

সাইদ আলম টিটো
১৬তম ব্যাচ,
ইতিহাস বিভাগ
ভার্জিনিয়া



রিইউনিয়নের প্রতিটি মুহূর্ত হয়ে উঠুক
উৎসবমুখর ও ফলপ্রসূ।
শুভকামনা!

খালেদ মনির জোসেফ
১০ম ব্যাচ, ভূগোল ও পরিবেশ বিভাগ
নিউইয়র্ক



শুভকামনা!
জাহাঙ্গীরনগর অ্যাক্সেসনাইদের
গ্লোবাল রিইউনিয়ন
২০২৫
পরিপূর্ণভাবে সফল হোক

মামুন রশিদ ও ফাহিমদা খাতুন
১০ম ব্যাচ, অর্থনীতি বিভাগ
বাংলাদেশ

Greeting from the JUSBAA

Warm greetings from the Jahangirnagar University 16th Batch Alumni Association on the joyous occasion of the JU Global Reunion 2025



Babu Markus Gomes
President, JUSBAA




Naimul Haq
General Secretary, JUSBAA



এ কে এম আনিসুল হক

১৬তম ব্যাচ, পরিসংখ্যান বিভাগ
পরিচালক, আমানা গ্রুপ
স্বত্বাধিকারী, আরা ফ্যাশন
চেয়ারম্যান, আরা নিটেক্স লি.
ম্যানেজিং পার্টনার, বেবী টেইলরিং এল এল সি,
আরব আমিরাত।


শিক্ষা জীবনের সোনালী দিনগুলোর স্মৃতি
নিয়ে জাবির গ্লোবাল রিইউনিয়ন ২০২৫
এক অনন্য মিলনমেলা। আশা করি, এই
আয়োজন প্রাক্তন শিক্ষার্থীদের মধ্যে
বন্ধনকে আরও সুদৃঢ় করবে এবং নতুন
দিগন্ত উন্মোচন করবে। আপনাদের
সকলের অংশগ্রহণ এই অনুষ্ঠানকে আরও
মহিমান্বিত করে তুলুক। জাবির পরিবারের
প্রতি রইল অশেষ
শুভেচ্ছা ও ভালোবাসা।



পুনর্মিলনী সকলের জন্য আনন্দময় ও স্মরণীয় হয়ে উঠুক

এ কে ফজলুর রহমান

৫ম ব্যাচ, রসায়ন বিভাগ, ওকলাহোমা



জাবির পরিবারের প্রতি রইল অশেষ
শুভেচ্ছা ও ভালবাসা

জালাল খলিফা

১০ম ব্যাচ, রসায়ন বিভাগ

ক্যালিফোর্নিয়া



আমরা জাহাঙ্গীরনগর, আমরা এক পরিবার
গ্লোবাল রিইউনিয়ন ২০২৫ সফল হোক



জাহাঙ্গীরনগর অ্যামানাইদের
গ্লোবাল রিইউনিয়ন ২০২৫
যেন সাফল্য বয়ে আনে।
শুভকামনা

দিশাদ চৌধুরী
১৯তম ব্যাচ, উদ্ভিদবিজ্ঞান বিভাগ
মেরিল্যান্ড



Best Wishes from Dhroopad to JU Alumni



জাবির গ্লোবাল রিইউনিয়ন
২০২৫ উপলক্ষে
সকল প্রাক্তন শিক্ষার্থীদের জানাই
উষ্ণ অভিনন্দন।

আনোয়ার হোসেন মিরধা (বেলু)
১০ম ব্যাচ, ভূগোল বিভাগ
বাংলাদেশ



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় গ্লোবাল
পুনর্মিলনী ২০২৫ হয়ে উঠুক
প্রাণের সঞ্চারণ। বিস্ময়ময় ছড়িয়ে
পড়ুক জাহাঙ্গীরনগরের সুবাস
এই প্রত্যাশা নিয়ে অনুষ্ঠানের
সফলতা কামনা করছি।

কবির কিরণ

১০ম ব্যাচ, পদার্থ বিজ্ঞান বিভাগ
নিউজার্সি



জাবির গ্লোবাল রিইউনিয়ন ২০২৫
এর সফলতা কামনা করি।
এই পুনর্মিলনী সকলের জন্য
আনন্দময় ও স্মরণীয় হয়ে উঠুক।

সাধক চক্রবর্তী

১০ম ব্যাচ, পরিসংখ্যান বিভাগ
নিউজার্সি



জাবির গ্লোবাল রিইউনিয়ন
২০২৫
পরিপূর্ণভাবে সফল হোক

মোহাম্মদ করিম
২৩তম ব্যাচ, ব্যবসায় প্রশাসন বিভাগ
ভার্জিনিয়া



জাবির গ্লোবাল রিইউনিয়ন
২০২৫ উপলক্ষে
সকল প্রাক্তন শিক্ষার্থীদের জানাই
উষ্ণ অভিনন্দন।

ফাহিম ভূঁইয়া
১৭ তম ব্যাচ, ইংরেজী বিভাগ
ওয়েস্ট ভার্জিনিয়া

পাখির বলতানে স্মৃতির সুর



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্যের সাথে মতবিনিময়। গ্লোবাল রিইউনিয়ন কমিটি, ২০২৪



JUAADC একুশ উদযাপন ২০২৪, ডিসি, ইউ এস এ



গ্লোবাল রিইউনিয়ন আলোচনা সভা, টরেন্টো, কানাডা।



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে নৌবিহার, নিউইয়র্ক-২০২২



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে সাংস্কৃতিক সন্ধ্যা, নিউইয়র্ক-২০২২



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ৫০ বছর পূর্তি অনুষ্ঠানে অংশগ্রহনকারী কিছু প্রাক্তন ছাত্র ছাত্রী, নিউইয়র্ক-২০২২

দেশি স্বাদ এর পন্য মানে স্বাদে অনন্য!

ডিসি, ভার্জিনিয়া ও মেরিল্যান্ড এলাকায়
একমাত্র হোলসেল গ্রোসারি



+1 227 213 8120
www.deshishadusa.com
info@deshishadusa.com



UNITED
REAL ESTATE

**MOHAMMAD
ALI**

REALTOR

📞 703-725-6745

✉ labiba@gmail.com

📍 8000 Towers Crescent Drive
Room 1393C, Vienna



**Your Trusted Real Estate Partner in
Virginia & Maryland!**

**Looking to buy, sell, or invest in real estate?
Let Mohammad Ali guide you every step of the way**

- 🏠 Licensed in Virginia & Maryland
- 🏠 Personalized Service with Proven Results
- 🏠 Expert in Residential Sales, Listings and First-Time Buyers
- 🏠 Skilled Negotiator | Market-Savvy | Reliable Communication

**Call/Text: 703 725 6745
Email: labiba@gmail.com**



VISA & IMMIGRATION TO CANADA



CanBangla Immigration Services

We can help you with:

BUSINESS IMMIGRATION,
EXPRESS ENTRY, STUDENT VISA
SUPER VISA, WORK VISA WITH LMIA
FAMILY SPONSORSHIP
VISITOR VISA, REFUGEE CLAIM
CITIZENSHIP APPLICATION
PR CARD (NEW& RENEWAL)
VISA EXTENSION, RESTORATION
PASSPORT APPLICATION/RENEWAL
CITIZENSHIP TEST
PREPARATION GUIDANCE.



**HIRE A CAREGIVER,
WORKER FROM
BANGLADESH**

**COME AS A STUDENT
WITH/WITHOUT AN IELTS**

TAKE THE CHANCE

**To Bring your people
to Canada**

**We Are Here to Serve All Your
Visa & Immigration Needs.**

Mahmuda Nasrin

Regulated Canadian Immigration Consultant (R 517333) & Commissioner of Oaths

TESL (On) certified teacher, An Ontario certified Social Worker
Former Associate Professor, King Khalid university, Saudi Arabia &
Khulna University Bangladesh

B.A. (Hon) & M.A. (English) Jahangirnagar University, M.A. (TESOL, Australia)

**CONTACT US
TODAY**

Call: 647-620-3804, +8801937067966
email: nasrinmahmuda8@gmail.com
www.canbanglaimmigration.com

**BRING YOUR
PARENTS/
GRANDPARENTS**

VISIT CANADA


**Apply for an Express
Invitation to Apply.
Entry & Get an Instant
Invitation to Apply**

**HOUSE 21, ROAD-3, BLOCK-A
BANOSREE, RAMPURA DHAKA BANGLADESH**





Dream
Vacations *Start Here*



Rezaul Karim Hashmi

Franchise Owner/Travel Advisor

Call: 657-346-7102

email: rhashmi@dreamvacations.com

www.perfectdreamgetaway.com

www.rhashmi.dreamvacations.com

www.rhashmi.sealuxe.com



Congratulations and best wishes!
Jahangirnagar University
Global Reunion 2025
Washington D.C., USA



Jabian Club Limited

Dhaka, Bangladesh • www.jabianclub.org





**CRAFTED IN BANGLADESH.
TRUSTED WORLDWIDE.**



**PROUD SPONSOR OF JAHANGIRNAGAR
UNIVERSITY ALUMNI EVENT USA 2025**

[f](#) [@](#) [in](#)






**Wishing
JU Global Reunion 2025
an Outstanding Success**

July 25-27, 2025 Wyndham Manassas
3900 Wyndham Lane, Manassas, VA



Kamrun Munir



Dr. Ansha Islam MD



Inara Islam



Dr. Faizul Islam PhD

of the



9734 Athey Road, Lorton, VA 22079
kaifoundation55@gmail.com

A 501(c)(3) tax-exempt establishment funding
charitable work in the U.S.A. and Bangladesh.
EIN: XX-XXX5640



JAHANGIRNAGAR UNIVERSITY ALUMNI ASSOCIATION IN D.C. (JUAADC)

JUAADC EXECUTIVE COMMITTEE

1. Mr. Syed I. Alam Titu, President (JU-16, Hist)
2. Mr. Hafiz Rahman, Secretary (JU-19, Stat)
3. Mr. M Ekramul Karim, Treasurer (JU-23, BBA)
4. Mr. Mohammad Ali, Member (JU-14, Stat)
5. Dr. Monir H Sharker, Member (JU-22, CSE)
6. Mr. M Shahidul I Milon, Member (JU-29, Drama)
7. Dr. Rumana Yasmeen, Member (JU-26, Pharm)
8. Dr. Sadeq Chowdhury, Ex-president (JU-10, Stat)

JUAADC ADVISORS

1. Mr. Hiron Choudhury (JU-1, Eco)
2. Mr. Nurul A. Chowdhury (JU-2, Eco)
3. Mr. Musawir Karim (JU-2, Eco)
4. Dr. Golam M Farooq (JU-3, Stat)
5. Dr. M Faizul Islam (JU-4, Eco)
6. Ms. Dilshad Choudhury Chhuty (JU-19, Bot)
7. Dr. ABM Enayet Hossain (Ret Prof, Bot)

JUAADC is honored to host the JU Global Reunion DC 2025. Heartfelt thanks to all alumni who responded to our call and participated in this remarkable event. Hope you enjoyed the arrangements, reconnected with old friends, and made unforgettable memories!





EXCLUSIVE

ART AND BOUTIQUE
COLLECTIONS



www.open-palette.com



Open Palette



openpalette2025



201.344.9719

DIU: YOUR GLOBAL ACADEMIC HOME FOR INNOVATION & IMPACT

Empowering the next generation with world-class education, global connections, and a future-ready mindset. Join a university that redefines excellence!

| DIU At a Glance |

28

BACHELOR'S PROGRAMS

16

MASTER'S PROGRAMS

1061+

FACULTY MEMBERS

LINKAGE WITH

600+

UNIVERSITIES

54,000+

ALUMNI

4000

ENTREPRENEURS WORLDWIDE



World-Class Indoor & Outdoor Sports Facilities



70,000 Sq. Ft. Library with World-Class Facilities



142+ Advanced Labs for Practical Learning



Accommodation for 10,000+ Students



Aerial View of the Country's Largest Green Campus with International-Standard Facilities

We Ensure:

- Scholarship & waiver facilities
- Life insurance for both students & guardians
- Worldwide study exchange programs
- One student one laptop
- Credit transfer & internship
- Hall & transport facilities
- On campus job recruitment
- Entrepreneurial atmosphere
- All sorts of sports facilities
- E-Library facility
- Innovation lab
- Research facilities

Contact with us

Daffodil Smart City, Birulia, Savar, Dhaka-1216.
admission@daffodilvarsity.edu.bd

Admission helpline:

09617901212

Apply online:

<http://admission.daffodilvarsity.edu.bd>

Please Visit:

www.daffodilvarsity.edu.bd



Sirajganj Economic Zone extends its heartfelt and warmest felicitations to the alumni of Jahangirnagar University on the momentous occasion of the Global Reunion 2025 in Washington, DC.



SIRAJGANJ ECONOMIC ZONE LTD.
NESTING INNOVATION AND INVESTMENT
www.sezbd.com

Largest Private Economic Zone in Bangladesh

